অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/22/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেটেন আইল্যান্ড এক্সপ্রেসওয়ে বরাবর সেতু পুনর্বাসনের জন্য 28.5 মিলিয়ন ডলারের প্রকল্পটির শেষ হওয়ার কথা ঘোষণা করেন

রিচমন্ড কাউন্টিতে স্টেটেন আইল্যান্ড এক্সপ্রেসওয়ের উপর উলি অ্যাভিনিউ এবং ব্র্যাডলি অ্যাভিনিউ যাওয়া ব্রিজ

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটেন আইল্যান্ড এক্সপ্রেসওয়ে বরাবর দুটি ব্রিজ পুনর্বাসনে একটি 28.5 মিলিয়ন ডলার প্রকল্প সমাপ্তির ঘোষণা করেছেন (ইন্টারস্টেট 278)। প্রতিটি ব্রিজই 60 বছরের বেশি পুরনো, স্টেটেন আইল্যান্ড এক্সপ্রেসওয়ের উপর উলি অ্যাভিনিউ এবং ব্র্যাডলি অ্যাভিনিউ নিয়ে যায়। দুটি নির্মাণের নতুন ব্রিজ ডেক এবং অন্যান্য উন্নতিসাধন হয়েছে যা তাদের পরিষেবার জীবন আনুমানিক 40 বছরের মতো বাড়িয়ে দেবে এবং ভবিষ্যতে রক্ষণাবেক্ষণের প্রয়োজন কমিয়ে দেবে।

"নিউ ইয়র্ক স্টেট আমাদের পরিকাঠামো পুনর্নির্মাণ করতে এবং আমাদের পরিবহন নেটওয়ার্ক নিরাপদ এবং নির্ভরযোগ্য রয়েছে বলে নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ, যা আমাদের সম্প্রদায়গুলিকে প্রাণবন্ত রাখতে এবং আমাদের অর্থনীতিকে বৃদ্ধি করতে সাহায্য করবে।" **গভর্নর হোকল বলেছেন।** "স্টেটেন আইল্যান্ডের উপর এই প্রকল্পটি সম্পূর্ণ হওয়ার ফলে যানচলাচল সহজ করবে এবং এই নির্মাণগুলি উন্নত এবং আধুনিক করার মাধ্যমে, লোকেরা যাতে সহজে বরোর মধ্যে চলাফেরা জারি রাখতে পারে তা নিশ্চিত করে এই অত্যন্ত ব্যস্ত যাতায়াতের করিডরটির মধ্য দিয়ে জনসাধারণের নিরাপত্তা বাড়াবে।"

2022 সালের জুন মাসে শুরু হওয়া প্রকল্পটি দুটি নির্মাণেই কংক্রিটের সেতুর ডেক, ফুটপাথ এবং ইস্পাতের বিয়ারিংগুলি প্রতিস্থাপন করেছে, কাঠামোগত ইস্পাত রঙ করেছে এবং কাঠামোগত ইস্পাতের বিমগুলি এবং পিয়ার কলাম এবং অ্যাবাটমেন্ট মেরামত করেছে। উপরন্তু, ইস্পাতের সেতুর রেলিং সরিয়ে দিয়ে নতুন কংক্রিটে নিরাপদ বেষ্টনী ইনস্টল করা হয়েছে। পরস্পরের থেকে আধা মাইল দূরে অবস্থিত, উভয় সেতুতেই নির্মাণকাজ ত্বরান্বিত করতে একই সাথে পুনর্বাসন করা হয়েছিল।

রাস্তার আলো প্রতিস্থাপন করা হয়েছে, ফুটপাতের সংকেত যোগ করা হয়েছে এবং প্রকল্পের সীমার মধ্যে থাকা ইন্টারসেকশনগুলিতে ফুটপাত নতুন করে বাঁধানো হয়েছে। অক্ষমতা থাকা আমেরিকান সম্পর্কিত আইন (Americans with Disabilities Act) মেনে বিদ্যমান কার্ব

র‍্যাম্পগুলো আপগ্রেড করা হয়েছে, সেইসাথে অ্যাক্সেসযোগ্য পথচারীদের সিগন্যাল অন্তর্ভুক্ত করতে ট্র্যাফিক সিগন্যালগুলিও প্রতিস্থাপন এবং আপগ্রেড করা হয়েছে, যা অন্ধ এবং দৃষ্টি অক্ষম পথচারীদের জন্য একটি অ-দৃষ্টিলব্ধ আকারে "হাঁটুন" এবং "হাঁটবেন না" চক্র সম্পর্কে তথ্য প্রদান করে।

উপরন্তু, ব্রিজ জয়েন্টের পরিবর্তে "লিঙ্ক স্ল্যাবস" ব্যবহার করা সহ সেতুগুলির পরিষেবার জীবন সংরক্ষণে সহায়তার জন্য উন্নত প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। সেতুতে ব্রিজের সংযোগস্থলগুলি দূর করে কংক্রিটের সমন্বয়ে গঠিত লিংক স্ল্যাবগুলিকে ক্রমাগত দুটি সংলগ্ন স্প্যানকে সংযুক্ত করার জন্য ডিজাইন করা হয়েছে, কারণ দূরত্বের কারণে জয়েন্টগুলিতে আর্দ্রতা ঢুকে পরার ফলে নিয়মিত রক্ষণাবেক্ষণের প্রয়োজন হয়। পলিয়েস্টার পলিমার কংক্রিটও ব্যবহার করা হয়েছে, যা এমন এক ধরনের কংক্রিট যা সেতুর কলাম এবং পার্শ্বস্থ অবলম্বনের কংক্রিটের পৃষ্ঠতলকে জলরোধী সুরক্ষা প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন দপ্তরের (New York State Department of Transportation) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "পুরো স্টেটজুড়ে বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে নিউ ইয়র্কের পরিবহন অবকাঠামো আরও স্থিতিশীল করে তোলার জন্য গভর্নর হোকল প্রতিশ্রুতিবদ্ধ। উন্নত প্রযুক্তি ব্যবহার করে, এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি এই নির্মাণে স্থিতিস্থাপকতা তৈরি করেছে এবং জনসাধারণের নিরাপত্তা বাড়িয়েছে, অন্যদিকে সংশ্লিষ্ট রক্ষণাবেক্ষণের খরচও কমাচ্ছে – যার সবকিছুই নিউ ইয়র্কবাসীদের গুরুত্ব দেয়।"

প্রতিনিধি নিকোল মালিওটাকিস বলেন, "স্টেটেন এক্সপ্রেসওয়ের ওপর সেতুগুলি ষাট বছরেরও বেশি সময় ধরে ভারপূর্ণ যাতায়াতের ট্রাফিকের ফলে জীর্ণ হওয়ার পরে এগুলিতে পুনর্বাসন ভীষণই প্রয়োজন ছিল। উল্লেখযোগ্য নির্মাণমূলক মেরামত এবং ADA আপগ্রেড করার মাধ্যমে, আমরা সেতুর নিরাপত্তা উন্নত করেছি এবং আরও চল্লিশ বছরের জন্য এই নির্মাণগুলির পরিষেবার আয়ু বাড়িয়েছি। আমি ফেডারেল পরিকাঠামো আইনের জন্য ভোট দিয়ে গর্বিত যা এই প্রকল্পকে বাস্তবায়িত করতে অর্থায়নের ব্যবস্থা করেছে।"

স্টেট সিনেটর জেসিকা স্কারসেলা-স্প্যানটন বলেন, "স্টেটেন আইল্যান্ডে এই এই বিনিয়োগের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। আমাদের সেতুগুলি সক্রিয়ভাবে সম্প্রদায়টিকে সমর্থন করতে পারে বলে নিশ্চিত করছেন এবং আবাসিকদের সুস্থতাকে সুরক্ষিত করার জন্য তাদের নিরাপত্তা এবং রক্ষণাবেক্ষণকে প্রাধান্য দিচ্ছেন।"

স্টেট সিনেটর অ্যানড্রু লানজা বলেন, "আমি মোটরচালকদের জন্য নিরাপত্তা এবং স্থিতিশীলতা উন্নত করতে এই দুটি সেতুর পুনর্বাসনের জন্য গভর্নর হোকল এবং কমিশনার ডমিঙ্গেজকে ধন্যবাদ জানাই। আমি স্টেটেন আইল্যান্ডের পরিবহন পরিকাঠামোতে বাড়তি অতি প্রয়োজনীয় উন্নয়ন করার ব্যাপারে আমাদের কাজ অব্যাহত রাখার আশায় রয়েছি।"

অ্যাসেম্বলিমেম্বার চার্লস ডি. ফল বলেন, "স্টেটেল আইল্যান্ড বহুদিন ধরেই অনেক পরিকাঠামোগত প্রয়োজনের সম্মুখীন, আর এই প্রকল্পটি সরাসরি সেইসব উদ্বেগের সমাধান করে। উলি অ্যাভিনিউ এবং ব্র্যাডলি অ্যাভিনিউয়ের সেতু দুটি আপগ্রেড করা অত্যন্ত গুরুত্বপূর্ণ

এবং অত্যন্ত-প্রয়োজনীয় উন্নয়ন যা উল্লেখযোগ্যভাবে আমাদের পরিবহন নেটওয়ার্কের নিরাপত্তা এবং কার্যকারিতা বাড়াবে। আমাদের পরিকাঠামো আধুনিক এবং বিশ্বাসযোগ্য রয়েছে বলে নিশ্চিত করা আমাদের আবাসিকদের সুস্থতা এবং সমৃদ্ধির জন্য অপরিহার্য। আমি আমাদের বরোর জন্য এই সব গুরুত্বপূর্ণ বিকাশকে বাস্তবমণ্ডিত করে তোলার ব্যাপারে গভর্নর হোকলর অবিচল প্রতিশ্রুতির জন্য তাকে আমার আন্তরিত ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলিমেম্বার স্যাম টি. পিরোজোলো বলেন, "আমি আনন্দিত যে এই দীর্ঘ প্রতীক্ষিত প্রকল্পটি অবশেষে শেষ হয়েছে! উন্নত উদ্ভাবন সহ বিভিন্ন উন্নয়ন দিয়ে, SIE এবং এটির ওভারপাসগুলি আরও নিরাপদ, আরও অ্যাক্সেসযোগ্য এবং আমাদের জন্য আরো বেশিদিন টিকে যাবে। এই অত্যন্ত প্রয়োজনীয় কাজটি যাতে শেষ হয় তা নিশ্চিত করার জন্য গভর্নর হোকল, কমিশনার ডমিঙ্গেজ এবং NYSDOT এর কাজের জন্য তাদের ধন্যবাদ।"

স্টেটেন আইল্যান্ডের বরো প্রেসিডেন্ট ভিটো ফোসেলা বলেন, "আমরা আনন্দিত যে স্টেটেন আইল্যান্ড বরাবর কিছু সেতু আরও বেশি নির্মাণগতভাবে পোক্ত শোনায় এবং এই প্রচেষ্টার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। নিরাপত্তা অবশ্যই সবসময়ের সর্বোত্তম অগ্রাধিকার। আইল্যান্ডের আবাসিকদের কাছে এক্সপ্রেসওয়ের গুরুত্ব বিবেচনা করে, আমরা ড্রাইভিং কম যন্ত্রণাদায়ক এবং চাপমুক্ত করতে আরও উন্নয়নকে স্বাগত জানাই এবং প্রয়োজন বোধ করি। এটি করার জন্য আমরা প্রস্তুত, যে কোনও ব্যক্তির সাথে কাজ করতে ইচ্ছুক এবং সক্ষম।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলর সদস্য ক্যামিলা হাঙ্কস বলেন, "আমি BRIDGE NY তহবিলের মাধ্যমে আমাদের পরিকাঠামোয় এই পর্যাপ্ত বিনিয়োগ দেখে রোমাঞ্চিত। স্টেটেন আইল্যান্ড এক্সপ্রেসওয়ে বরাবর সেতুগুলির পুনর্বাসন আমাদের পরিবহন নেটওয়ার্কের নিরাপত্তা এবং স্থিতিশীলতা নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ। এই অর্থায়ন শুধুমাত্র গণ নিরাপত্তাই বাড়াবে না, সাথে আমাদের সম্প্রদায়ের জলবায়ু পরিবর্তনের প্রভাব সহ্য করার ক্ষমতাও শক্তিশালী করবে। আমাদের অবকাঠামো উন্নয়নে এবং স্টেট জুড়ে বিভিন্ন স্থানীয় সম্প্রদায়ের সমর্থনে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য আমি তার প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য ডেভিড কার বলেন, "আমাদের গুরুত্বপূর্ণ পরিকাঠামোতে বিনিয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আমি এই প্রকল্পে গভর্নর হোকল এবং সিনেটর অ্যান্ড্রু লানজার সমর্থনের জন্য তাদের ধন্যবাদ জানাই। আমার গণপরিষদীয় সদস্যরা জানলে খুশি হবে যে এই গুরুত্বপূর্ণ কাজটি অবশেষে সম্পূর্ণ হয়েছে।"

পরিবহন দপ্তর সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেটের পরিবহন দপ্তরের লক্ষ্য হলো এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, ন্যায্য এবং প্রাণবন্ত পরিবহন ব্যবস্থা প্রদান করা যা সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক কল্যাণকে সমর্থন করে।

এটি জীবনের প্রশ্ন; গতি ধীর করুন এবং হাইওয়ের কর্মীদের জন্য সরে যান!

আরও তথ্যের জন্য, আমাদেরকে ফেসবুক (Facebook)-এ খুঁজুন, এক্স (X) বা ইনস্টাগ্রাম (Instagram)–এ ফলো করুন, অথবা আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন। ভ্রমণ সংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ওয়েবসাইট দেখুন, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন